রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

অদ্য ২৯/০২/২০২৪ ইং তারিখ বৃহস্পতিবার বেলা ১২.০০ টায় শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির ৪র্থ (চতুর্থ) সভা প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর কক্ষে নিম্নের আলোচ্যসূচির ভিত্তিতে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরি কল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ তৌহিদুল হক (সুমন) ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ১৯, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা 'ক' পরিশিষ্টে উল্লেখ আছে।

আলোচ্যসূচি- ঃ সিটি হাসপাতালের জন্য জরুরী ভিত্তিতে যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত।

আলোচনা ঃ সভার শুরুতেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় সদস্য সচিবকে অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি আবাসিক চিকিৎসক জানাব ডাঃ মোঃ তারিকুল ইসলাম নিকট সিটি হাসপাতালের বর্তমান অবস্থা জানতে চান। সেই প্রেক্ষিতে তিনি জানান যে, ইতি পূর্বে প্রাপ্ত সিটি হাসপাতালের প্যাথলজিক্যাল যন্ত্রগুলি অতি পূরাতন,এ্যানালগ এবং তার থেকে সঠিক রিপোর্ট পাওয়া যায়না। বিধায় হাসপাতাল সুষ্ঠভাবে পরিচালনার জন্য নিম্ন লিখিত প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় এবং বাস্তব অবস্থার প্রেক্ষিতে কিছু কিছু সিদ্ধান্ত পুনঃ নির্ধারণ করা প্রয়োজন।

বায়োকেমিক্যাল অটোএ্যনালাইজার এবং সেল কাউন্টার ক্রয় সংক্রান্ত ঃ

(ক) বায়োকেমিক্যাল অটোএ্যনালাইজার মেশিনের মাধ্যমে রক্তের বিভিন্ন ধরণের বায়োকেমিক্যাল টেষ্ট যেমন সিরাম ক্রিয়েটিনিন, ইউরিক এসিড, লিপিড প্রোফাইল, আরবিএসসহ অন্যান্য পরীক্ষা করা যায়। ফলে নগরবাসী এখানে স্বল্প মূল্যে ও হাতের নাগালে এই সেবা গুলি পেতে পারেন। এটি খুবই গুরুত্বপূর্ন বিধায় জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। তিনি আরও জানান যে, মেশিনটির আনুমানিক মূল্য ৩.০ লক্ষ টাকা।

(খ) সেল কাউন্টারঃ

সেল কাউন্টার মেশিনের মাধ্যমে রক্তের সিবিসি, টিসি, ডিসি, ইএসআর, ইত্যাদি পরীক্ষা করা যায়। এটিও খুবই গুরুত্বপূর্ন বিধায় জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। তিনি আরও জানান যে, মেশিনটির আনুমানিক মূল্য ৫.৫ লক্ষ টাকা।

সিদ্ধান্ত (ক,খ) ঃ বায়োকেমিক্যাল অটোএ্যনালাইজার এবং সেল কাউন্টার ক্রয় সংক্রান্ত ঃ

সিটি হাসপাতালে সেবার মান বৃদ্ধির লক্ষে সিটি এলাকায় জনগণের সেবা প্রদানের গুরুত্ব বিবেচনায় অটোএ্যানালাইজার এবং সেল কাউন্টার মেশিন ২টি ক্রয় এবং এই সংক্রান্ত আনুষাঙ্গিক খুচরা যন্ত্রপাতি ক্রয়ের জন্য সর্বমোট ১০.০০.০০০/- (দশ লক্ষ টাকা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মেয়র মহোদয় বরাবর অনুরোধ করে সাধারণ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ-১ ইনডোরের জন্য অনকলে চিকিৎসক ও নার্স নিয়োজিত করণ প্রসঙ্গে।

তিনি জানান যে বর্তমানে হাসপাতালে ৩ তিন সিফটে ২৪ ঘন্টা সেবা প্রদানের লক্ষ্যে রাত্রী কালীনসহ অনকলে প্রতি মাসে আনুমানিক ৩২টি ডিউটি পরিচালনার জন্য বাজেট অনুযায়ী অনকল ডাক্তার নিয়োজিত করণ প্রয়োজন। এছাড়াও তিন সিফ্টে সেবা প্রদানের জন্য ৪ জন নার্সকে  নিয়োজিত করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ

জরুরী ভিত্তিতে অনকলে প্রতি মাসে ৩২টি ডিউটি পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক অনকল ডাক্তার নিয়োজিত করণ এবং ৪জন নার্সকে নিয়োজিত করণের জন্য মাননীয় মেয়র মহোদয় বরাবর অনুরোধ করে সাধারণ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ-২ ঃ এএনসি কার্ডের মূল্য নির্ধারণ ও ওয়ার্ড নং ২১-৩০ গর্ভকালীন মাতৃ সহায়তা গ্রহণকরী মহিলাদের সিটি হাসপাতালে সেবা গ্রহণে উদ্বুদ্ধকরণ প্রসঙ্গে।

নির্ধারণ সরকারী নিয়ম অনুযায়ী প্রতি মাসে গর্ভকালীন সহায়তা প্রদান করা হচ্ছে। সেই অনুযায়ী উক্ত ওয়ার্ডসমূহে সরকারী সহায়তা প্রাপ্ত গর্ভবতী মহিলাদের সিটি হাসপাতালে সেবা গ্রহণের জন্য ওয়র্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর, ও সকল স্বাস্থ্য সহকারীদের মাধম্যে উদ্বুদ্ধ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিবিধ-২ ঃ এএনসি কার্ডের মূল্য নির্ধারণ ও ওয়ার্ড নং ২১-৩০ গর্ভকালীন মাতৃ সহায়তা গ্রহণকরী মহিলাদের সিটি হাসপাতালে সেবা গ্রহণে উদ্বুদ্ধকরণ প্রসঙ্গে।

এএনসি কার্ডের মূল্য ১০০ একশত টাকা মাত্র নির্ধারণ করার সিদ্ধান্তগ্রহীত হল। উক্ত কার্ড প্রাপ্ত সুবিধাভোগী গর্ভবতী মহিলাদের সিটি হাসপাতালে সেবা গ্রহনের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর মহোদয়গনকে অবগত করে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ আলোচনা-৩ ঃ  সিজার প্যাকেজ, এ্যানেসথেসিয়ালোজিষ্ট ও এ্যাসিষ্ট ফি পুন নির্ধারণ এবং হস্ত মজুত অর্থ সংক্রান্ত ঃ

ক) বর্তমানে সিজার প্যাকেট ৭-১০ হাজার টাকা নির্ধারিত রয়েছে। উক্ত প্যাকেজটি পুনঃ নির্ধারণ করে ৭,০০০/- থেকে ১০,৫০০/- দশ হাজার পাঁচশত টাকা মাত্র করা যেতে পারে। তবে উল্লেখ যে, সম্মানিত কাউন্সিলর মহোদয়গন অফিসিয়াল প্যাডে সুপারিশ করলে সে ক্ষেত্রে ১ হাজার টাকা মওকুফ করা যেতে পারে।

খ) বর্তমানে এ্যানেসথেসিয়ালোজিষ্ট ফি ১,৫০০/- এক হাজার পাঁচশত টাকা আছে। এ্যানেসথেসিয়ালোজিষ্ট সোসাইটির মাধ্যমে ফি বৃদ্ধি পাওয়ায় উক্ত টাকায় আর কোন এ্যানেসথেসিয়ালোজিষ্ট কাজ করতে আগ্রহী নন। বিধায় এরহার অপারেশন ভেদে পুন নির্ধারণ কর প্রয়োজন।

গ) অপারেশন ভেদে এ্যাসিষ্ট এর ধরণ ভিন্ন মাত্রায় হয়। কোন কোন ক্ষেত্রে ১ এর অধিক এ্যাসিষ্ট প্রয়োজন হয়। বর্তমানে এ্যাসিস্ট ফি ৭০০/- টাকা নির্ধারিত রয়েছে। বর্তমানে এটি পুনঃ নির্ধারণ প্রয়োজন।

ঘ) প্রয়োজনীয় জরুরী ঔষধ ও সরঞ্জাম ক্রয় এবং বহিরাগত সার্জন, এ্যানাসথেসিয়া, চিকিৎসক ও এ্যাসিস্ট ফি প্রদানের জন্য তাৎক্ষনিক হাতে মজুত অর্থ হতে প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ

ক) সিজার ফি ১০৫০০ টাকায় উন্নীত করে সিদ্ধান্ত গৃহীত হয়। সম্মানিত কাউন্সিলর মহোদয়গন নিজ প্যাডে সুপারিশ করলে সে ক্ষেত্রে ১ হাজার টাকা মওকুফ করে বাকি অর্থ রাসিক তহবিলে জমা করা যেতে পারে। উল্লেখ্য যে, উক্ত প্যাকেজে ঔষধের দাম সংযুক্ত আছে।

খ) এ্যানেসথেসিয়ালোজিষ্ট ফি অপারেশন ভেদে ১,৫০০/- থেকে ২,৫০০/- পুন নির্ধারণের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) অপারেশন ভেদে ১ম এ্যাসিষ্ট ৫০০-১০০০, ২য় এ্যাসিস্ট ৩০০-৬০০ পুন নির্ধারণের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) প্রয়োজনীয় জরুরী ঔষধ ও সরঞ্জাম ক্রয় এবং বহিরাগত সার্জন, এ্যানেসথেসিয়া, চিকিৎসক ও এ্যাসিস্ট ফি প্রদানের জন্য তাৎক্ষনিক হাতে মজুত অর্থ হতে প্রদান করা যেতে পারে যা পরবর্তীতে সমন্বয় করার সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উপরোক্ত সকল সিদ্ধান্ত সমুহ মাননীয় মেয়র মহোদয়কে সুপারিশ করে সাধারণ সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সভাপতি

শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা
এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী
কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৮.০৬.০০৪.১৭. তারিখ ঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

১। সম্মানিত কাউন্সিলর, সাধারণ ও য়ার্ড/ সংরক্ষিত আসন নং- , রাজশাহী সিটি কর্পোরেশন।

২। জনাব ......................................... বিভাগীয় প্রধান/শাখা প্রধান, রাসিক।

৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা'র সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। সচিব'র সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। অফিস নথি।

সদস্য সচিব
শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা
এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা কমিটি
ও
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।

**পরিশিষ্ট "ক"**

১। জনাব মোঃ তৌহিদুল হক ( সুমন ), সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ১৯ ও সভাপতি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

২। জনাব মোঃ সরিফুল ইসলাম বাবু. সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ১২ ও সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। জনাব মোঃ আকতারুজ্জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড-২৬ সদস্য, ও সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। জনাব মোসাঃ সেবুন নেসা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং -৩ সদস্য, ও সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৫। জনাব মোসাঃ আলফাতুন নেসা, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-০৪, সদস্য, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। জনাব ডাঃ এফ এ এম আঞ্জুমান আরা বেগম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও সদস্য সচিব, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন